দৈনিক ইনকিলাব

৭/৯/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ... ২ ......

# ফাঁস হওয়া প্রশ্নপত্রেই জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা গ্রহণের আয়োজন

**স্টাফ রিপোর্টার ঃ** জাতীয় বিশ্ববিদ্যালয়ের চলতি অনার্স ফাইনাল (পার্ট-৩) পরীক্ষার ইতিহাস বিষয়ের সকল প্রশ্নপত্র ফাঁস হবার পর কর্তৃপক্ষ ৭ম পত্র পর্যন্ত পরীক্ষা বাতিল

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## ফাঁস হওয়া প্রশ্নপত্র

প্রথম পৃষ্ঠার পর

করলেও রহস্যজনক কারণে ৮ম পত্র ও কমপ্রিহেনসিভ পরীক্ষা দু'টি এখনো বাতিল করেনি। ফাঁস হওয়া ঐ দু'টি প্রশ্নপত্রেই কর্তৃপক্ষ অনার্স ফাইনাল পরীক্ষা গ্রহণের যাবতীয় ব্যবস্থা সম্পন্ন করায় সংশ্লিষ্ট মেধাবী পরীক্ষার্থী ও শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে ব্যাপক ক্ষোভের সঞ্চার হয়েছে। এদিকে ইতিহাস ৮ম পত্র ও কমপ্রিহেনসিভ বিষয়ের ফাঁস হওয়া প্রশ্নপত্র দু'টি 'সাজেশন' আকারে রাজধানীর বিভিন্ন কলেজসহ মফস্বলের বিভিন্ন কলেজেও উচ্চ মূল্যে প্রকাশ্যে বিক্রি হচ্ছে।

উল্লেখ্য, ইতিহাস ৮ম পত্রে রয়েছে– ১) টিউডর কাউন্সিলের গঠন ও কার্যাবলী আলোচনা কর। ২) অষ্টম হেনরীর মঠ উচ্ছেদ আলোচনা কর। ৩) রাণী এলিজাবেথের গির্জা বন্দোবস্ত আলোচনা কর। ৪) পার্লামেন্টবিহীন প্রথম চার্লসের ১১ বছরের শাসন আলোচনা কর। ইহা কেন ব্যর্থ হইয়াছিল? ৫) ১৬৬০ সালের রাজতন্ত্র পুনঃ প্রতিষ্ঠার পটভূমি এবং এ সংক্রান্ত মীমাংসার বিবরণ দাও। ৬) ১৬৮৮ সালে গৌরবময় বিপ্লব কেন সংঘটিত হইয়াছিল? ইহার তাৎপর্য আলোচনা কর। ৭) পামার স্টোনের বৈদেশিক নীতি পর্যালোচনা কর। ৮) ডিজরেলীর সাম্রাজ্যবাদ বা বৈদেশিক নীতি আলোচনা কর।

এছাড়া ইতিহাস কমপ্রিহেনসিভ বিষয়ে রয়েছে– ১) শশাংক (মাৎস্যন্যায়), ২) ত্রিশক্তি সংকট (ধর্মপাল), ৩) ইবনে বতুতা, ৪) দ্বৈত শাসন, ৫) খারেজী কাহারা, ৬) মজলিস-ই সূরা, ৭) কনফুসিয়াসের দর্শন, ৮) পুরোপলীয় ও নবপলীয়, ৯) সন্ত্রাসের রাজত্ব, ১০) ব্লাড এন্ড আয়রন পলিসি, ১১) চার্টিস্ট আন্দোলন, ১২) পিটিশন অফ রাইটস, ১৩) স্টার চেম্বার আদালত, ১৪) হ্যানোভারদের পরিচয়, ১৫) বোস্টন টি পার্টি, ১৬) রেনেসাঁ।